গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, পটুয়াখালী।
আইরিন ভবন (৩য় তলা), ডিসি বাংলো রোড, পটুয়াখালী
www.bfsa.patuakhali.gov.bd

বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে মতবিনিময় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু হাসনাত মোহাম্মদ আরেফীন<br>জেলা প্রশাসক, পটুয়াখালী |
| তারিখ | : | ১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. |
| সময় | : | দুপুর ৩:৩০ ঘটিকা |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পটুয়াখালী |

সভায় উপস্থিত অংশীজনের হাজিরা পরিশিষ্ট 'ক' তালিকা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল অংশীজনদের কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নিরাপদ খাদ্য অফিসার জনাব মোঃ আবু রায়হান পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে নিরাপদ খাদ্য, খাদ্যের বিভিন্ন দূষক, খাদ্য নিরাপদ রাখার ৫টি চাবিকাঠি, খাদ্যকর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধি প্রতিপালন, নিরাপদ খাদ্য বিষয়ক যে কোন পরামর্শ/অভিযোগের জন্য হটলাইন ১৬১৫৫ (টোল ফ্রি) সম্পর্কে অবহিতকরণ, ভ্রাম্যমান মোবাইল ল্যাব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের গঠন ও কার্যক্রম, নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এ বর্ণীত অপরাধ ও দন্ড, বিভিন্ন খাদ্যপণ্যে ব্যবহৃত কেমিক্যাল ও নন ফুড গ্রেড কালার মিশ্রণ করা থেকে বিরত থাকা এবং এসব মানবদেহের কি ক্ষতি ঘটাতে পারে সেই সম্পর্কে সভায় অবহিত করেন। এছাড়া খাদ্য নিরাপদতার সাথে জড়িত খাদ্য শিল্প, খাদ্য ব্যবসায়ী ও অংশীজনের ভূমিকা সম্পর্কে আলোকপাত করেন এবং সকলের সাথে সমন্বয় ও সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে খাদ্য উৎপাদন থেকে ভোক্তার গ্রহণ পর্যন্ত খাদ্যের নিরাপদতা নিশ্চিত করার লক্ষ্য পূরণে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, পটুয়াখালী কাজ করে যাচ্ছে বলে সবাইকে আশ্বস্ত করে উপস্থিত সকলের সহযোগীতা কামনা করে বক্তব্য শেষ করেন।

হোটেল-রেস্তোরাঁ ও বেকারী মালিক সমিতির সাধারণ সম্পাদক জনাব মেহেদী হাসান নান্নু বলেন, পূর্বে খাদ্যের নিরাপদতা নিয়ে কোন প্রতিষ্ঠান কাজ করেনি, এজন্য তিনি বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সকল কার্যক্রমকে স্বাগত জানিয়ে খাদ্য ব্যবসা প্রতিষ্ঠানে নিয়জিত খাদ্যকর্মীদের মাঝে সচেতনতা তৈরি ও কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পটুয়াখালী জেলার সকল খাদ্যকর্মীদের কে প্রশিক্ষণ প্রদানের অনুরোধ করেন। এছাড়াও সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধান, সুশীল সমাজ, সাংবাদিক ও খাদ্য ব্যবসায়ীগণ উন্মুক্ত আলোচনার মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উপপরিচালক জনাব মোঃ রকিবুল হাসান বলেন নিরাপদ খাদ্য নিশ্চিতে ব্যবসায়ীদের আরো ভুমিকা পালন করতে হবে। জেলা পর্যায়ে একজন অফিসার দিয়ে সকল খাদ্যকর্মীদের প্রশিক্ষণ দেয়া সম্ভব না সেক্ষেত্রে ব্যবসায়ীরা উদ্যোগ নিলে নিরাপদ খাদ্য অফিসার প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ দিবে। তিনি আরো বলেন খাদ্য কর্মীরা সচেতন হলে খাবার অনিরাপদতার হাত থেকে অনেকাংশে মুক্ত হওয়া যায়। সভায় বিশেষ অতিথি জনাব আরিফুল ইসলাম, উপসচিব, খাদ্য মন্ত্রণালয় বলেন নিরাপদ খাদ্য আইন-২০১৩ প্রনীত হওয়ার পর ২০১৫ সালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গঠিত হয় কিন্তু জেলা পর্যায়ে অফিস কার্যক্রম শুরু হয় ২০২১ সালে। এজন্য নিরাপদ খাদ্য নিশ্চিতে নিরাপদ খাদ্য অফিসারকে সবার সহযোগিতা করা দরকার।

প্রধান অতিথি অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব, সদস্য (খাদ্য শিল্প ও উৎপাদন), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সভায় বলেন খাদ্য উৎপাদন থেকে শুরু করে খাদ্য গ্রহণ, দূষণ ও ভেজালমুক্ত নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিতকরণে প্রণীত হয় নিরাপদ খাদ্য আইন, ২০১৩। এই আইনের আলোকে ২ ফেব্রুয়ারি ২০১৫ সালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গঠিত হয়। প্রতিষ্ঠানটি সকল সরকারি, বেসরকারি অংশীজনের মধ্যে সুষ্ঠ সমন্বয়ের মাধ্যমে খাদ্যে ভেজাল রোধে মোবাইল কোর্ট পরিচালনা, নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতামূলক সভা, সেমিনার/ কর্মশালা, খাদ্যকর্মীদের প্রশিক্ষণ প্রদান, গৃহিনীদের নিয়ে উঠান বৈঠক, নিরাপদ খাদ্য বিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠান, স্কুল সেমিনার, শিক্ষক সেমিনার, জনপ্রতিনিধিগণের অংশগ্রহণে সভা/সেমিনার, নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক লিফলেট বিতরণ ও মাইকিং কার্যক্রম সহ খাদ্য নিরাপদতা ও গুণগত মান পরিক্ষার নিমিত্তে নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনা করছে। নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এ বর্ণীত বিভিন্ন অপরাধ ও দন্ড, সঠিক উপায়ে খাবার প্রস্তুত এবং বাজারজাতকরণ, পোড়া তেল পরিহার করা, খাবারে ক্যামিকেলের ব্যবহার থেকে বিরত থাকা, মেয়াদোউত্তর্ণী পণ্য পরিহার করা, ওজনে কারচুপি না করা এবং ভোক্তার সাথে প্রতারণা থেকে বিরত থাকার নির্দেশনা প্রদান করে উপস্থিত সকলের সহযোগীতা কামনা করে বক্তব্য শেষ করেন।সভাপতি আবু

হাসনাত মোহাম্মদ আরেফীন, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট সভায় নিরাপদ খাদ্য নিশ্চিতে পটুয়াখালী জেলায় কার কি দায়িত্ব সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্ত নিয়ে সবার মতামত নেন।

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে মতবিনিময় সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। সমন্বিত মনিটরিং কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে ঝুঁকিপূর্ণ (অনিরাপদ) খাদ্য স্থাপনায় নিরাপদ খাদ্য আইন ২০১৩ বাস্তবায়ন।

২। খবরের কাগজ/ লেখা কাগজের ঠোঙায় খাদ্যপণ্য বিক্রয় নিষিদ্ধকরণ ।

৩। খাদ্যকর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারী প্রতিষ্ঠানের পাশাপাশি খাদ্যস্থাপনার মালিকগণ প্রশিক্ষনের আয়োজন করতে সহায়তা প্রদান করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। প্রতিটি খাদ্যস্থাপনায় নিরাপদ পানি নিশ্চিতকরণে পানির ফিল্টার বসানোর সিদ্ধান্ত গৃহিত হয়।

৫। নতুন সংশোধনীতে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ কে আরো যুগোপযোগী করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে নিরাপদ খাদ্য আইনের জরিমানার পরিমান সহনীয় করার প্রস্তাবনা বিষয়ে সভায় আলোচনা হয়।

৬। কৃষকের উৎপাদিত ফসলের সাথে যেহেতু নিরাপদ খাদ্য সংস্পৃক্ত তাই কৃষিক্ষেত্রে মাত্রাতিরিক্ত কীটনাশকের ব্যবহার বন্ধে কৃষকদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক কর্মশালা আয়োজন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। উপজেলা পর্যায়ে খাদ্যে ভেজাল ও দূষণরোধে খাদ্যের নমুনা সংগ্রহপূর্বক পরীক্ষা করার বিষয়ে আলোচনা করা হয়।

৮। পটুয়াখালী জেলায় দুধের গুণগত মান রক্ষায় ভেজাল প্রতিরোধের জন্য দুধের নমুনা সংগ্রহ করে পরীক্ষা করার বিষয়ে সবাইকে অবগত করা হয়।

৯। কুয়াকাটায় ব্যাপক মনিটরিং কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সকল কার্যক্রমকে স্বাগত জানান এবং জেলা প্রশাসনের পক্ষ থেকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, পটুয়াখালী কে সর্বাত্নক সহযোগিতা করবেন বলে আশ্বস্ত করেন। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১।০৯।২৪

মোঃ আবু রায়হান
নিরাপদ খাদ্য অফিসার
জেলা কার্যালয়, পটুয়াখালী
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
মোবাইল নং-০১৭২০-৩২৩৫৬০
ইমেইলঃ fso.patuakhali@bfsa.gov.bd

০৪ আশ্বিন ১৪৩১

স্মারক নম্বর: ১৩.০২.৭৮০০.০০১.০৬.০০১.২৪-    তারিখ: ——————

১৯ সেপ্টেম্বর ২০২৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২) সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩) সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪) সহকারী কমিশনার, গোপনীয় শাখা,জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫) অফিস কপি।

২১।০৯।২৪

(মো: আবু রায়হান)
নিরাপদ খাদ্য অফিসার, পটুয়াখালী